গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্লট-ই-১৩/বি, আগারগাঁও,
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.ngoab.gov.bd

মাইক্রোবাস ভাড়ার দরপত্রের সিডিউল

০১। আগারগাঁও-এ অবস্থিত এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়ের কর্মকর্তাদের অফিসে আনা-নেয়া এবং দাপ্তরিক কাজে ব্যবহারের নিমিত্ত উন্নতমানের সিএনজি চালিত ডুয়েল এসিসহ মাইক্রোবাস কমপক্ষে ২০০০ সিসি এবং ড্রাইভারের আসনসহ ন্যূনতম ০৯(নয়) আসন বিশিষ্ট হতে হবে। ২০০৯খ্রিঃ সনের মডেলের পূর্ববর্তী কোন মাইক্রোবাস গ্রহণযোগ্য হবে না। মাইক্রোবাসের বডি এবং আসনসমূহ সুন্দর, পরিস্কার ও উন্নতমানের হতে হবে এবং Built in সুবিধা সম্বলিত হতে হবে। মাইক্রোবাসটি গ্যাস চালিত বড় সিলিন্ডার বিশিষ্ট এবং ইঞ্জিনের অবস্থা ভাল হতে হবে। মাইক্রোবাসের কাগজপত্র ও ড্রাইভারের ড্রাইভিং লাইসেন্স অরিজিনাল হতে হবে অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০২। সরকারি/বে-সরকারি সংস্থা/স্বায়ত্তশাসিত সংস্থায় গাড়ি ভাড়া প্রদানের ন্যূনতম ০১(এক) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

০৩। দরপত্রে অংশগ্রহণকারী আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে নিম্নলিখিত দলিল পত্রাদি ১ম শ্রেণির গেজেটেড কর্তৃক সত্যায়িত ফটোকপি দরপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।

ক) হাল নাগাদ গাড়ি ভাড়া প্রদান/সরবরাহ সম্পর্কিত ট্রেড লাইসেন্স;
খ) দরপত্র দাখিলকৃত ব্যক্তি/প্রতিষ্ঠানের হাল নাগাদ ট্যাক্স প্রদানের সনদ;
গ) সরকারি/বে-সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থায় গাড়ি ভাড়া প্রদানের অভিজ্ঞতার সনদপত্র;
ঘ) সরবরাহযোগ্য মাইক্রোবাসের রেজিস্ট্রেশন ও বণ্ডু-বুক এর ফটোকপি;
ঙ) প্রস্তাবিত গাড়ির চারদিক থেকে তোলা বাইরের ও ভিতরের চারটি করে আটটি রঙিন ছবি;
চ) দরপত্র সিডিউল ক্রয়ের রশিদ;
ছ) বিআরটিএ কর্তৃক গাড়ির ইস্যুকৃত ফিটনেস সার্টিফিকেট;
জ) গাড়ির ট্যাক্স টোকেন এবং বীমা পরিশোধের ফটোকপি।
ঝ) ছবি দেখে যদি প্রতীয়মান হয় যে, গাড়িটি উপরোল্লিখিত শর্তাদি পূরণ করে না তাহলে দাখিলকৃত দরপত্র বিবেচনায় আনা হবে না।

০৪। সীল মোহরযুক্ত দরপত্রসমূহ আগামী   /০৯/২০১৭ তারিখ বেলা ০২.০০ ঘটিকার মধ্যে অত্র অফিসের পরিচালক (প্রকল্প-২)-এর কক্ষে রক্ষিত টেন্ডার বাক্সে জমা দিতে হবে এবং ঐদিনই দুপুর ০৩.০০ ঘটিকার সময় দরপত্রদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) প্রাপ্ত দরপত্রসমূহ খোলা হবে।

০৫। (ক) প্রত্যেক মাইক্রোবাসের ব্যবহারকাল মাসে ৩৫০ ঘন্টা হবে। তবে কোনো কারণে কোন মাসে ব্যবহার ৩৫০ ঘন্টার বেশি বা কম হলে পূর্ববর্তী বা পরবর্তী মাসগুলোর ব্যবহার থেকে তা সমন্বয় করা হবে।

(খ) সরকারি প্রয়োজনে ছুটির দিনেও গাড়ি ব্যবহৃত হবে।

(গ) সরকারি কাজের স্বার্থে মাইক্রোবাসটিসহ চালককে ঢাকার বাইরে যে কোনো জায়গায় যেতে হতে পারে। এ ধরণের ভ্রমণে ড্রাইভারের থাকা-খাওয়া ব্যুরো কর্তৃক নির্ধারিত দৈনিক ভাতা দেওয়া হবে।

০৬। সরবরাহকৃত মাইক্রোবাসের যাবতীয় জ্বালানী, মেরামত, বীমা খরচ, ড্রাইভারের বেতন ভাতা, দুর্ঘটনাজনিত যে কোন মেরামত ব্যয় ও সংরক্ষণের (গ্যারেজসহ) যাবতীয় ব্যয়ভার মালিককে বহন করতে হবে। অত্র অফিস হতে নির্ধারিত মাসিক ভাড়ার অতিরিক্ত কোনো অর্থ মালিককে প্রদান করা হবেনা এবং মাইক্রোবাসের কোনো প্রকার দায়-দায়িত্ব এ অফিস বা সরকার বহন করবে না।

০৭। মাইক্রোবাস চলাচলের জন্য কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়সূচি অনুযায়ী ড্রাইভারকে গাড়িসহ নির্দিষ্ট স্থানে অবশ্যই হাজির হতে হবে এবং কর্তৃপক্ষের নির্দেশনানুযায়ী যে কোন সময় যে কোনো স্থানে যাওয়ার ক্ষেত্রে কোনো ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না। কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক কোনো কারণ ব্যতীত নির্ধারিত সময়সূচি অনুযায়ী নির্দিষ্ট স্থানে উপস্থিত হতে ব্যর্থ হলে বিলম্ব সময়ের জন্য আনুপাতিক হারে ভাড়া কর্তন করা হবে। এ ব্যাপারে দাখিলকৃত (যদি) ব্যাখ্যার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

০৮। কোন সময় মাইক্রোবাস বিকল হলে গাড়ির মালিককে তাৎক্ষণিক ভিত্তিতে আবশ্যিকভাবে সমমানের বা উন্নত মানের বিকল্প গাড়ির ব্যবস্থা করতে হবে । একইভাবে মাইক্রোবাসের ড্রাইভার অসুস্থতাজনিত অথবা অন্য কোনো কারণে মাইক্রোবাস চালাতে অসমর্থ হলে বৈধ বিকল্প ড্রাইভারের ব্যবস্থা করতে হবে। যাদের বিকল্প মাইক্রোবাস/ ড্রাইভার নেই তাদের দরপত্রের অংশ গ্রহণ করার প্রয়োজন নেই। কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে গাড়ি চালক পরিবর্তন করা যাবে না। কর্তৃপক্ষ কোনো গাড়ি চালকের বিষয়ে আপত্তি দিলে তাকে পরিবর্তন করে দিতে হবে।

০৯। সরবরাহকৃত মাইক্রোবাসের ড্রাইভারের কমপক্ষে ০৫(পাঁচ) বছরের গাড়ি চালানোর অভিজ্ঞতা থাকতে হবে। শারিরীকভাবে সুস্থ্য ও ভাল আচরণের অধিকারী হতে এবং সরকারি প্রয়োজনে যে কোনো সময় বাংলাদেশের যে কোনো স্থানে দায়িত্ব পালনে প্রস্তুত থাকতে হবে। ড্রাইভারের নিজ দায়িত্বে সরকার নির্ধারিত ছকে মাইক্রোবাস চলাচলের লগ বই যথাযথভাবে লিখতে ও সংরক্ষণ করতে এবং তা ব্যবহারকারী কর্মকর্তার দ্বারা স্বাক্ষর করিয়ে নিতে হবে এবং মাইক্রোবাসের মাসিক বিলের সাথে লগ বই অবশ্যই দাখিল করতে হবে।

১০। চালকের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ প্রতিষ্ঠার জন্য মালিকের নিজ খরচে চালকের কাছে মোবাইল ফোন সরবরাহ করতে হবে।

১১। মাইক্রোবাসের যাবতীয় কাগজপত্র সঠিক ও হাল নাগাদ হতে হবে এবং মূল কপি চুক্তি স্বাক্ষরের সময় দেখাতে হবে।

১২। মাসিক ভিত্তিতে গাড়ি ভাড়ার বিল (লগ বইসহ) পরবর্তী মাসে অত্র দপ্তরে জমা দেওয়ার পর উক্ত বিল প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা সিজিএ সেগুনবাগিচা ঢাকা কর্তৃক পাশের পর সরকারি চেকের মাধ্যমে অর্থ পরিশোধ করা হবে। মাইক্রোবাস ভাড়ার বিল হতে সরকারি বিধি মোতাবেক সরকার কর্তৃক নির্ধারিত হারে ভ্যাট আয়কর ইত্যাদি যাবতীয় সরকারি কর/রাজস্ব কর্তন করা হবে।

১৩। দরপত্রের সাথে জামানত বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (সিডিউল বাণিজ্যিক ব্যাংকের) টেন্ডার সিকিউরিটি হিসাবে মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো বরাবরে দাখিল করতে হবে। দরপত্র মূল্যায়নের পর অকৃতকার্য দরদাতা অথবা বাতিলকৃত দরদাতার টেন্ডার সিকিউরিটি আবেদনের বিপরীতে দাখিলকৃত জামানত ফেরত প্রদান করা হবে।

১৪। ভাড়ায় প্রদানকৃত মাইক্রোবাস এবং এর চালককে মালিক অন্য কোনো কাজে ব্যবহার করতে পারবেন না এবং দরপত্র চূড়ান্তভাবে গ্রহণ করা হলে দরদাতাকে এ মর্মে একটি অঙ্গীকারনামা দাখিল করতে হবে। অঙ্গীকারনামা প্রাপ্তির পরবর্তীতে কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র চূড়ান্তভাবে গৃহীত হলে কার্যাদেশ প্রদান করা হবে এবং গাড়ির মালিক নন-জুডিসিয়াল স্ট্যাম্প-এ (৩০০/- টাকার) একটি চুক্তিনামা স্বাক্ষর করবেন।

১৫। মাইক্রোবাস ভাড়ার চুক্তিপত্র বা কার্যাদেশ অনুযায়ী মাইক্রোবাস সরবরাহের তারিখ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য বলবৎ থাকবে। কর্তৃপক্ষের বিবেচনায় সন্তোষজনক সেবা প্রদান সাপেক্ষে উভয় পক্ষের সম্মতিক্রমে চুক্তিপত্রের মেয়াদ একই শর্তে বৎসর ভিত্তিক নবায়ন করা যাবে। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যাতিরেকে অন্যূন ১৫(পনের) দিনের নোটিশে যে কোনো সময় মাইক্রোবাস ভাড়ার চুক্তি বাতিল করতে পারবেন। চুক্তি অনুযায়ী গাড়ির মালিক মাইক্রোবাস সরবরাহ করতে ইচ্ছুক না হলে মাইক্রোবাস সরবরাহ না করার নির্ধারিত তারিখের কমপক্ষে ৪৫(পঁয়তালিণ্ডশ) কর্ম দিবস পূর্বে লিখিত নোটিশ প্রদানপূর্বক নির্ধারিত সময় অতিবাহিত হবার পর মাইক্রোবাস সরবরাহ বন্ধ করতে পারবেন।

১৬। চূড়ান্তভাবে কার্যাদেশ প্রদানের পূর্বে মাইক্রোবাস সরেজমিনে পরিদর্শনে কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বিবেচিত হতে হবে। অন্যথায় কার্যাদেশ প্রদান করা হবে না। মালিককে নিজ দায়িত্বে পরিদর্শনের জন্য মাইক্রোবাসহ অত্র অফিসে হাজির হতে হবে।

১৭। কোন রকম দায়-দায়িত্ব গ্রহণ অথবা কারণ প্রদর্শন ছাড়াই কর্তৃপক্ষ যে কোনো অথবা সকল দরপত্র গ্রহণ অথবা বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

(আব্দুল্লাহ আল খায়রুম)
উপ-পরিচালক (অ:দা:)
এনজিও বিষয়ক ব্যুরো
ফোনঃ ৫৫০০৭৩৯৯।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্লট-ই-১৩/বি, আগারগাঁও,
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.ngoab.gov.bd

নথি নং-০৩.০৯.২৬৬৬.৬৫৭.২৬.২২৪.১৭- তারিখ -১২/১১/২০১৭ খ্রি:।

মাইক্রোবাস ভাড়ার দরপত্র বিজ্ঞপ্তি

১।	কাজের নাম	ঃ	০১(এক)টি মাইক্রোবাস ভাড়া।
২।	গাড়ির সংক্ষিপ্ত বিবরণ	ঃ	২০০০ সিসির নিচে নয় এমন একটি উন্নত মানের ডুয়েল এসি মাইক্রোবাস যা ড্রাইভার-এর আসনসহ ৯ আসন বিশিষ্ট এবং ২০০৯ সনের মডেলের পর্বের হতে পারবে না, যার বডি এবং আসনসমূহ সুন্দর, পরিস্কার ও উন্নত মানের হতে হবে এবং সকল Built in সুবিধাসহ গ্যাস চালিত হতে হবে।
৩।	কার্যকাল	ঃ	সিডিউলে বর্ণিত শর্ত মোতাবেক।
৪।	দরদাতার যোগ্যতা	ঃ	নিজের/প্রতিষ্ঠানের নামে গাড়ির মালিকানা সম্পর্কিত কাগজপত্র আবশ্যিকভাবে থাকতে হবে।
৫।	দরদাতার অভিজ্ঞতা	ঃ	সরকারি/ বে-সরকারি সংস্থা/ স্বায়ত্বশাসিত সংস্থায় গাড়ি ভাড়া প্রদানের নূন্যতম ০১(এক) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
৬।	দরপত্রের সিডউলের ম ল্য	ঃ	প্রতি সেট ১০০(একশত) টাকা অফেরতযোগ্য।
৭।	দরপত্র দাখিল	ঃ	দরপত্রে অংশগ্রহণকারী আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাদের নিজস্ব প্যাডে লিখিত দলিল পত্রাদিসহ মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭, বরাবর লিখিতভাবে আবেদন করতে হবে।

ক) হাল-নাগাদ নবায়নকৃত গাড়ি ভাড়া প্রদান/সরবরাহ সম্পর্কিত ট্রেড লাইসেন্স;
খ) ট্যাক্স/ ভ্যাট পরিশোধের হাল নাগাদ সনদপত্র;
গ) সরকারি/ বে-সরকারি/ স্বায়ত্বশাসিত সংস্থায় গাড়ি ভাড়া প্রদানের নূন্যতম ০১(এক) বছরের অভিজ্ঞতার সনদপত্র
ঘ) সরবরাহযোগ্য মাইক্রোবাসের রেজিস্ট্রেশন ও বণ্ডু-বুক এর ফটোকপি গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে। দাখিলকৃত তথ্যাবলী পর্ণাঙ্গ হলে আবেদন বিবেচিত হবে।

৮।	টেন্ডার সিকিউরিটি	ঃ	দরদাতা কর্তৃক মাইক্রোবাসের জন্য বায়নার অর্থ বাবদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা মাত্র মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরোর অনুকূলে বাংলাদেশের যে কোন তফসিলভূক্ত বাণিজ্যিক ব্যাংক হতে ব্যাংক ড্রাফ্ট অথবা পে-অর্ডার এর মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে।
৯।	দরপত্র সিডিউল বিক্রয়ের তারিখ ও সময়	ঃ	১৭/১১/২০১৭ হতে ২৭/১১/২০১৭ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত ।
১০।	দরপত্র সিডিউল বিক্রয়ের স্থান	ঃ	প্রশাসন শাখা, ৪র্থ তলা দক্ষিণ-পশ্চিম পার্শ্বে, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্লট-ই-১৩/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
১১।	দরপত্র গ্রহণের সর্বশেষ তারিখ ও সময়	ঃ	২৭/১১/২০১৭ ইং তারিখ বেলা ০২.০০ ঘটিকা পর্যন্ত।
১২।	দরপত্র গ্রহণের স্থান	ঃ	পরিচালক (প্র-২) এর কক্ষ, ৪র্থ তলা পশ্চিম পার্শ্বে, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্লট-ই-১৩/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
১৩।	দরপত্র খোলার তারিখ সময় ও স্থান	ঃ	২৭/১১/২০১৭ ইং তারিখ দুপুর ০৩.০০ ঘটিকা। পরিচালক (প্র-২) এর কক্ষ, ৪র্থ তলা পশ্চিম পার্শ্বে।

১৪। দরপত্র সংশিণ্টষ্ট অন্যান্য তথ্যাবলী দরপত্র সিডিউলে অন্তর্ভক্ত রয়েছে।

১৫। কোন রকম দায়-দায়িত্ব গ্রহণ অথবা কারণ প্রদর্শন ছাড়াই কর্তৃপক্ষ যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ অথবা বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

(আব্দুল্লাহ আল খায়রুম)
উপ-পরিচালক (অ:দা:)
এনজিও বিষয়ক ব্যুরো
ফোনঃ ৫৫০০৭৩৯৯।